উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী (মাসঃ ফেব্রুয়ারি/২০২২)

অধিবেশনঃ-১১৩

উপদেষ্টা : জনাব আনোয়ারুল আবেদীন খান (তুহিন), মাননীয় জাতীয় সংসদ সদস্য

১৫৪-ময়মনসিংহ-৯, নান্দাইল, ময়মনসিংহ ।

সভাপতি : জনাব হাসান মাহমুদ জুয়েল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল ।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ ।

তারিখ : ২৮ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ ।

সময় : বেলা ১১.০০ ঘটিকা ।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত ।

সভার প্রারম্ভে সভাপতির অনুরোধক্রমে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন উপজেলা পরিষদ জামে মসজিদের সহকারী ইমাম জনাব আবু বক্কর সিদ্দিক । অতঃপর চেয়ারম্যান, উপজেলা পরিষদ নান্দাইল এর অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নান্দাইল কর্তৃক আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ নিম্ন বর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **০১। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন।** | **বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় এবং কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।** | **সংশ্লিষ্ট সদস্যগণ।** |
| ০২। **মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়** নব নির্বাচিতি সকল ইউপি চেয়ারম্যানগণকে স্বাগত জানান এবং সকল ইউনয়িন পরিষদ চেয়ারম্যানগণকে উপজেলার সকল কাজে সহযোগীতা করার পরামর্শ প্রদান করেন ।<br><br>রাজগাতী ও গাংগাইল ইউনিয়ন পরিষদের নতুন ভবন নির্মানের বিষয়ে আলোচনা করেন ।<br><br>রাজগাতী ইউনিয়ন পরিষদ ভবন নির্মানের সকল কাগজ পত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের পরামর্শ প্রদান করেন । | রাজগাতী ইউনিয়ন পরিষদ ভবন নির্মানের সকল কাগজ পত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল । |
| চন্ডীপাশা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত কৃষি, মৎস্য, প্রাণীসম্পদ বিভাগের অফিস কক্ষগুলি উপজেলার সংশ্লিষ্ট অফিস প্রধানকে বুঝিয়েদেয়ার জন্য নব নির্বাচিত চেয়ারম্যান জনাব মোঃ শাহাব উদ্দিন ভূইয়াকে পরামর্শ প্রদান করেন । | চন্ডীপাশা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত কৃষি, মৎস্য, প্রাণীসম্পদ বিভাগের অফিস কক্ষগুলি উপজেলার সংশ্লিষ্ট অফিস প্রধানকে বুঝিয়েদেয়ার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান, চন্ডীপাশা ইউনিয়ন পরিষদ । |
| তিনি আরও জানান যে, চন্ডীপাশা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব এমদাদুল হক ভূইয়ার বিগত ভিজিএফ খাদ্যশস্য প্রস্তুতকৃত তালিকায় ব্যাপক অসঙ্গতি পাওয়া যায় । তাকে বার বার তাগিদ দেয়ার পরও যথাসময়ে সচ্ছ একটি ভিজিএফ তালিকা দাখিল করতে পারেনি । উক্ত অবিতরনকৃত খাদ্যশস্য বিতরনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের পরামর্শ প্রদান করেন । | চন্ডীপাশা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান জনাব এমদাদুল হক ভূইয়ার সময়ের অবিতরনকৃত ভিজিএফ খাদ্যশস্য বিতরনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক মহোদয়ের অনুমোতি গ্রহণের নিমিত্তে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল । |
| ০৩। **উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে,** নব নির্বাচিত চেয়ারম্যানগণকে স্বাগত জানান এবং পরিচিতি পর্ব অনুষ্ঠান শুরু হয় । সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে উপজেলার প্রত্যেকটি কাজে সার্বিক সহযোগিতা করার জন্য প্রস্তাব উত্থাপন করেন । | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সার্বিক সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) । |
| ডিলারগণ/রিটেইলারগন যেন সারের মূল্য বৃদ্ধি না করে এবিষয়ে বিস্তারিত আলোচনা হয় । উপজেলা কৃষি কর্মকর্তাকে বাজার মনিটরিং কাজ অব্যাহত রাখার পরামর্শ প্রদান করেন । | উপজেলা কৃষি কর্মকর্তা বাজার মনিটরিং কাজ অব্যাহত রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল । |

| | | |
|---|---|---|
| ১৯ ভ্যাকসিন কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। সরকারি নির্দেশনা বাস্তবায়নের জন্য সকল সদস্যগণকে আহ্বান জানান। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১০ জন নতুন ডাক্তার নিয়োগ হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। | বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পঃপঃ কর্মকর্তা, নান্দাইল। |
| **০৫। উপজেলা কৃষি বিভাগ ঃ** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে বোরো/রবি মৌসুম চলমান। ২০২১-২০২২ অর্থ বছরে অত্র উপজেলায় ২১৯০৫ হেঃ জমিতে বোরো আবাদ লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৮৯৩৬০। মাঠে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সর্বদা কৃষকের পাশে থেকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। অনুকুল আবহাওয়া থাকলে এ বছর আশানুরুপ ফলন হবে আশা করা যাচ্ছে। | সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| বর্তমানে ইউরিয়া-৫৪৫ মেঃটন, টিএসপি-৩৫ মেঃটন, ডিএপি-৭৫ মেঃটন এবং এমওপি-৪৫ মেঃটন সার বিসিআইসি ও খুচরা ডিলারদের মাঝে মজুদ রয়েছে।<br>নিয়মিত ডিলারগণ রাসায়নিক সার উত্তোলন করে আসছেন। ইউরিয়া ও নন-ইউরিয়া সারের আগমনী বার্তা সঠিক সময়ে উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়ে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সারের মূল্য যেন বৃদ্ধি না পায় সে জন্য সর্বদা দোকান মনিটরিং করা হচ্ছে। | কোন ধরনের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| **০৬। উপজেলা মৎস্য বিভাগ :** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ২৮/০২/২২ খ্রিঃ ইউনিয়ন প্রকল্প পরির্দশন করে মৎস্য প্রদর্শনি প্রকল্প নির্বাচন করা হবে। মার্চ/২০২২ থেকে পুকুর প্রস্তুতি কাজ শুরু হবে। | নীতিমালা মোতাবেক বিভাগীয় কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সদস্যগণ |
| **০৭। উপজেলা প্রকৌশল বিভাগ :** উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিষদ কেন্দ্রিয় পানির পাম্প মেশিনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় পানির গতি কম এবং ট্যাংকিতে পানি উঠেনা। গেজেটেড কোয়ার্টার, ডরমিটরী,আবাসিকভবনসহ বিভিন্ন অফিসে পানি পাওয়া যাচ্ছে না। পানির সমস্যা সমাধানের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রস্তাব উত্থাপন করনে। | উপজেলা পরিষদ কেন্দ্রিয় পানির পাম্প মেশিনটি দীর্ঘদিনের পুরাতন হওয়ায় পানির গতি কম এবং ট্যাংকিতে পানি না উঠার কারনে উপজেলা পরিষদের কেন্দ্রীয় পানির পাম্পে নতুন একটি ১০ ঘোড়া ভালো মানের সাবমারসেবল পাম্প স্থাপন এবং অতিরিক্ত পাইপ, ক্যাবল ও মেস্ত্রী বিল বাবদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,৯০,০০০/- (তিন লক্ষ নব্বই হাজার) টাকা ব্যয়ে কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল /উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল/ উপজেলা প্রকৌশলী, নান্দাইল,ময়মনসিংহ । |
| **০৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে,** ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায় উপজেলা পরিষদ ওয়ারী বরাদ্দ পাওয়া যায়। ইউনিয়ন ওয়ারী উপবরাদ্দ প্রদান করা হয়েছে। | ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির ২য় পর্যায়ের প্রকল্প তালিকা দ্রুত দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), নান্দাইল। |
| অসচ্চল বীরমুক্তিযোদ্ধাদের জন্য আবাসন নির্মাণ কর্মসূচির আওতায় বিভিন্ন ইউনিয়নে ১১টি "বীর নিবাস" নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। | প্রাক্কলন মোতাবেক বীর নিবাস নির্মানের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ২০২১-২০২২ অর্থ বছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির নামের তালিকা প্রণয়নের করা হচ্ছে। | ২০২১-২০২২ অর্থ বছরে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) প্রকল্পের ১৩টি ইউনিয়নের উপকারভোগির প্রাপ্ত নামের তালিকা দ্রুত প্রণয়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **০৯। উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** সরকারী সিদ্ধান্ত মোতাবেক প্রাথমিক দপ্তরের বিদ্যালয়ের সমূহে শ্রেণী | নীতিমালা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |

| | | |
|---|---|---|
| সমূহে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে এবং পাঠদানের উপযোগী করা হয়েছে। বিদ্যালয়ে পর্যায়ে ছাত্র ছাত্রীদের জন্য মাক্স এবং হেন্ডস্যানিটাইজারের ব্যবস্থা করা হয়েছে। শতভাগ শিশুর হাতে পাঠ্যপুস্তক বিতরন করা হয়েছে। | | |
| **১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে,** ৫০তম জাতিয় শীতকালিন খেলাধূলা নান্দাইল উপজেলায় শেষ হয়েছে।<br>২২.২.২০২২ তারিখ স্বাস্থ্য বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠান খোলা হয়েছে ও শ্রেনি পাঠদান সরকারি নির্দেশনা অনুযায়ি পরিচালিত হচ্ছে।<br>কোভিড-১৯ এর দ্বিতীয় ডোজ টিকা চলমান আছে। প্রথম ডোজ টিকা দেয়া হয়েছিল ২৯২০৯ জন। দ্বিতীয় ডোজ এ পর্যন্ত ২৫৬০১ জন টিকা গ্রহন করেছে এবং বাকীদের টিকা কার্য্যক্রম চলমান আছে। | সরকারি নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| **১১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে,** সদস্য সচিব জানান ২০২০-২০২১ অর্থ বছর হতে জিটুপি পদ্ধতিতে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস(নগদ) এর মাধ্যমে সরাসরি অত্র উপজেলার ৪০,০০০(চল্লিশ হাজার)ভাতাভোগীর নামে নিবন্ধিকৃত মোবাইলে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে। মোবাইলে অর্থ প্রদান করার কারণে ০১। মৃত ভাতাভোগীর তথ্য পাওয়া যাচ্ছে না, ০২। অবৈধ ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ০৩। নগদ হিসেবের পিন বা হিসাব সংশ্লিষ্ট সমস্যা সমাধান করা যাচ্ছে না, ০৪। জিটুপি বাস্তবায়নে ভাতাভোগীর দায়িত্ববোধ বিষয়ে অনেক ভাতাভোগী সচেতন নয়, ০৫। সহজ-সরল ভাতাভোগীগণ প্রতারক চক্র কর্তৃক প্রতারণার শিকার হচ্ছেন, ০৬। মধ্যস্বত্বভোগীর দৌরাত্ম্য বৃদ্ধি পাচ্ছে, ০৭। প্রকৃত ভাতাভোগীর অর্থ প্রাপ্তি শতভাগ নিশ্চিত করা যাচ্ছে না, ০৮। অন্য উপজেলা বা জেলার ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ০৯। ভাতাভোগী সশরীরে না এসে নমিনি বা পরিবারের সদস্যদের দ্বারা সেবা প্রাপ্তি নিশ্চিত করা যাচ্ছে না, ১০। একাধিক সিম ধারণকারী সনাক্ত করা যাচ্ছে না, ১১। ভাতা হয়েছে অথচ জ্ঞাত নয় এমন ভাতাভোগী সনাক্ত করা যাচ্ছে না, ১২। অপেক্ষমাণ উপকারভোগীদের প্রতিস্থাপন করা যাচ্ছে না ইত্যাদি। সদস্য সচিব বলেন যে, যদি প্রচলিত ভাতাবহির স্থলে চিপ সম্বলিত কিউআর কোড সন্নিবেশিত ভাতাকার্ড ইস্যু করে ভাতাভোগীর সশরীরে উপস্থিতি নিশ্চিত করে বিতরণ করা যায়, তাহলে উপর্যুক্ত সমস্যাগুলোর সমাধান হবে। সভাপতি মহোদয় বলেন যে, সমাজসেবা কর্মকর্তা বিষয়টি নিয়ে আমার সাথে ইতোমধ্যে বিস্তারিত কথা বলেছেন। বর্ণিত বিষয়টির সুবিধা-অসুবিধা বিশ্লেষণ করা হয়েছে। বিশ্লেষণান্তে আমার কাছে প্রস্তাবিত বিষয়টি সমস্যা সমাধানে যৌক্তিক মনে হয়েছে। উপজেলা নির্বাহি কর্মকর্তা মহোদয় উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে সহমত পোষণ করে বলেন যে, সমাজসেবা কর্মকর্তার বর্ণিত প্রস্তাবটি উদ্ভূত সমস্যা সমাধানে একটি যৌক্তিক প্রস্তাব এবং এর একটি খরচও হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় বলেন যে, যদি ভাতাকার্ড ইস্যু করা হয়, তাহলে ভাতাভোগীদের এর ব্যয়ভার বহন করতে হবে। কারণ আমাদের এমন কোন তহবিল নেই যেখান থেকে ভাতাকার্ডের ব্যয়ভার বহন করা যায়। তিনি ভাতাকার্ডের একটি নমুনা প্রদর্শন করে বলেন যে, যদি এমন একটি কার্ড ইস্যু করা হয়, তাহলে সর্বসাকুল্যে ১০০(একশত) টাকা খরচ পড়বে যা ভাতাভোগীকে বহন করতে হবে। উপস্থিত সকল সদস্যকে উদ্দেশ্য করে তিনি বলেন যে, আপনাদের সকলের ঐকমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত ছাড়া সংবেদনশীল এই প্রস্তাব বাস্তবায়ন সম্ভব নয়। চেয়ারম্যান, সিংরইল ইউনিয়ন পরিষদ বলেন যে, পরিষদের সকল চেয়ারম্যানদের সংশ্লিষ্ট করতে পারলে এ কাজটি সহজ হবে এবং আমাদের যৌক্তিক সংশ্লিষ্টতা নিশ্চিত করতে হবে। সকল সদস্য | ০১। সকল ভাতাভোগীর অনুকূলে ভাতাকার্ড ইস্যু করা হবে।<br>০২। ভাতাকার্ডের (প্রতি ১ একটি কার্ডে) সর্বসাকুল্যে ১০০(একশত) টাকা খরচ ভাতাভোগীদের বহন করতে হবে।<br>০৩। শতভাগ স্বচ্ছতা নিশ্চিতহকরণের জন্য ভাতাকার্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদের প্রতিনিধি, উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের সার্বিক ব্যবস্থাপনায় বিতরণ করা হবে।<br>০৪। স্বচ্ছতা নিশ্চিতকরণের জন্য কারো কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নান্দাইল/ ভাতা সংশ্লিষ্ট কমিটি |

| | | |
|---|---|---|
| চেয়ারম্যান, সিংরইল ইউনিয়নের সাথে সহমত পোষণ করে বলেন যে, শতভাগ স্বচ্ছতা নিশ্চিতহকরণের জন্য ভাতাকার্ড সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে ইউনিয়ন পরিষদের প্রতিনিধি, উপজেলা চেয়ারম্যানের প্রতিনিধি এবং উপজেলা সমাজসেবা কার্যালয়ের সার্বিক ব্যবস্থাপনায় বিতরণ করা হবে । বিস্তারিত আলোচনা-পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সকল সদস্য বর্ণিত প্রস্তাবের সাথে সহমত পোষণ করেন । | | |
| **১২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নান্দাইল সভায় জানান যে,** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যলয়ের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br><br>উপজেলা যুব উন্নয়ন ভবন নির্মান কার্যক্রম বিষয়ে আলোচনা করেন। | যুবক ও যুবনারীদের প্রক্ষিণ কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা যুব উন্নয়ন ভবন নির্মাণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে,** পল্লী উন্নয়ন প্রকল্প ৩ এর মাধ্যমে নান্দাইল ও শেরপুর ইউনিয়ন পরিষদে ডিসেম্বর পর্যন্ত ১০টি কাজের অনুমোদন পাওয়া গিয়েছে। তার মাধ্য শেরপুর ইউনিয়ন পরিষদের আশ্রয়ন প্রকল্পের মাঝে পাবলিক টয়লেট ও পানি সরবরাহ ব্যবস্থা প্রকল্পটির কাজ চলমান আছে। নান্দাইল ইউনিয়ন পরিষদে রসুলপুর উত্তর এবতেদায়ী মাদ্রাসায় পাবলিক টয়লেট ও পানি সরবরাহ ব্যবস্থার কাজ চলমান। রসুলপুর জালালের বাড়ির পূর্ব পাশে বক্স কালবার্ড ও বিল পার আব্দুল কাদিরের বাড়ীর পাশে বক্স কালবার্ড এর কাজ চলমান আছে। | প্রকল্পের কাজের গুনগতমান/প্রাক্কলন মোতাবেক কাজ হচ্ছে কি না, যাছাই/পরিদর্শন পূর্বক বিল প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল |
| **১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** ৩টি ট্রেডের প্রশিক্ষণ চলমান রয়েছে। ভিজিডি খাদ্য শস্য বিতরণ বিষয়ে আলোচনা করেন। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | নীতিমালা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৫। উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) সভায় জানান যে,** বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | পরিপত্র মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি) নান্দাইল। |
| **১৬। সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ** নব নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণসহ সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনকে লালগোলাপ ও রজনীগন্ধা ফুল দিয়ে বরন করেন। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে উপজেলা পরিষদের সকল উন্নয়নমূলক কাজে সহযোগিতা করার পরামর্শ প্রদান করেন। সরকারি নির্দেশনা মোতাবেক উন্নয়নমূলক সকল কাজ দ্রুত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করেন। | সকল ইউনয়িন পরিষদ চেয়ারম্যানগণ উপজেলা পরিষদের সকল উন্নয়নমূলক কাজের সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, ইউপি (সকল) |
| ৬নং রাজগাতী ইউনিয়ন পরিষদ নতুন ভবন নির্মান জন্য জামির সকল কাগজপত্র সভায় উথাপন করেন। | ৬নং রাজগাতী ইউনিয়ন পরিষদ নতুন ভবন নির্মাণ জন্য সকল প্রয়োজনীয় কাগজপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উজেলা নির্বাহী অফিসার, নান্দাইল। |
| তিনি আরও জানান যে, জনাব একে এম খায়রুল বাসার, পিতা- মরহুম আব্দুল জব্বার (বীর প্রতীক), গ্রাম- কপালহর, ডাকঘর- কালেঙ্গা বাজার। ঝালুয়া বাজার হতে দেওয়ানগঞ্জ বাজার পর্যন্ত গোরস্থান বাজার হয়ে শেরপুর সংযোগ সড়ক পর্যন্ত বীর প্রতীক আব্দুল জব্বার সড়ক নামে নাম করনের আবেদন দাখিল করেন। | ঝালুয়া বাজার হতে দেওয়ানগঞ্জ বাজার পর্যন্ত গোরস্থান বাজার হয়ে শেরপুর সংযোগ সড়ক পর্যন্ত রাস্তাটি বীর প্রতীক আব্দুল জব্বার সড়ক নামে নামকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮।২।২২
(হাসান মাহমুদ জুয়েল)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

স্মারকনং- ৪৬.৪৫.৬১৭২.০০০.০৬.০০১.২০-৯৭

তারিখ ঃ-২৮/০২/২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১। মাননীয় সংসদ সদস্য, ১৫৪- ময়মনসিংহ- ৯, নান্দাইল।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৪। সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-১/উপজেলা শাখা-২ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মেয়র, নান্দাইল পৌরসভা, নান্দাইল, ময়মনসিংহ।
৬। জনাব মোঃ সারোয়ার হাসান, ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৭। জনাব মনোয়ারা জুয়েল, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
৮। উপজেলা ---------------------------------------------------- অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৯। চেয়ারম্যান ----------------------------------ইউনিয়ন পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ।
১০। অফিস কপি।

28/02/2022
(মোহাম্মদ আবুল মনসুর)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
নান্দাইল, ময়মনসিংহ।